

## **া** সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯২৫ ২৯/ স্বপ্নের ব্যাখ্যা (كتاب تعبير الرؤيا) পরিচ্ছেদঃ ২৯/১০. স্বপ্নের ব্যাখ্যা

# بَابِ تَعْبِيرِ الرُّوْيَا

#### আরবী

حدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، أَنْبَأَنَا اللَّيثُ بْنُ سَعْد، عَنِ ابْنِ الْهَادِ، عَنْ مُحَمَّد بْنِ إِبْرَاهِيمَ التَّيْمِيّ، عَنْ أَبِي سَلَمَةً بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ، أَنَّ رَجُلَيْنِ، مِنْ بَلِيِّ قَدِمَا عَلَى رَسُولِ اللَّهِ - صلى الله عليه وسلم - وَكَانَ إِسْلاَمُهُمَا جَمِيعًا فَكَانَ أَحَدُهُما أَشَدَّ اجْتِهَادًا مِنَ الآخَرِ فَغَزَا الْمُجْتَهِدُ مِنْهُمَا فَاسْتُشْهِدَ ثُمَّ مَكَثَ الآخَرُ بَعْدَهُ سَنَةً ثُمَّ تُوفِي . قَالَ طَلْحَةُ فَرَأَيْتُ فِي الْمَنَامِ بَيْنَا أَنَا عِنْدَ بَابِ الْجَنَّةِ إِذَا أَنَا بِهِمَا فَخَرَجَ خَارِجٌ مِنَ الْجَنَّةِ فَأَذِنَ لِلَّذِي اسْتُشْهِدَ ثُمَّ رَجَعَ إِلَىَّ فَقَالَ رَجُعْ فَإِنَّكَ لَمْ يَأْنِ لَكَ بَعْدُ . فَأَصْبُحَ طَلْحَةُ يُحَدِّثُ بِهِ النَّاسَ فَعَجِبُوا لِذَلِكَ فَبَلَغَ ذَلِكَ لَرُجِعْ فَإِنَّكَ لَمْ يَأْنِ لِكَ بَعْدُ . فَأَصْبُحَ طَلْحَةُ يُحَدِّثُ بِهِ النَّاسَ فَعَجِبُوا لِذَلِكَ فَبَلَغَ ذَلِكَ رَصُولَ اللَّهِ حَلَى اللَّهُ عَلَى اللَّهُ عِلَى اللَّهُ عِلَى الله عليه وسلم - " قَلَيْنَ السَّنُسْ قَدْ مَكَثَ هَذَا لَهُمَا أَيْعَدُ مِمَّا بَيْنَ السَّعَةِ " . قَالَ الله عَلَى الله عليه وسلم - " فَمَا بَيْنَهُمَا أَبْعَدُ مِمَّا بَيْنَ السَّمَاءِ قَالُ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " فَمَا بَيْنَهُمَا أَبْعَدُ مِمَّا بَيْنَ السَّمَاء فَمَا بَيْنَهُمَا أَبْعَدُ مِمَّا بَيْنَ السَّمَاء فَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " فَمَا بَيْنَهُمَا أَبْعَدُ مِمَّا بَيْنَ السَّمَاء وَلَا أَلُولُ بَلَى قَالَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - " فَمَا بَيْنَهُمَا أَبْعَدُ مِمَّا بَيْنَ السَّمَاء وسلم الله عليه وسلم - " فَمَا بَيْنَهُمَا أَبْعَدُ مِمَّا بَيْنَ السَّمَاء وسلم الله عليه وسلم - " فَمَا بَيْنَهُمَا أَبْعَدُ مِمَّا بَيْنَ السَّمَاء وسلم الله عليه وسلم - " فَمَا بَيْنَهُمَا أَبْعَدُ مِمَّا بَيْنَ السَّمَاء وال

#### বাংলা

৯/৩৯২৫। তালহা ইবনে উবায়দুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। দু' ব্যক্তি দূর-দূরান্ত থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে উপস্থিত হলো। তারা ছিলো খাঁটি মুসলিম। তাদের একজন ছিলো অপরজন অপেক্ষা শক্তিধর মুজাহিদ। তাদের মধ্যকার মুজাহিদ ব্যক্তি যুদ্ধ করে শহীদ হলো এবং অপরজন এক বছর পর মারা গেলো। তালহা (রাঃ) বলেন, আমি একদা স্বপ্নে দেখলাম যে, আমি জান্নাতে দরজায় উপস্থিত এবং আমি তাদের



সাথে আছি। জান্নাত থেকে এক ব্যক্তি বের হয়ে এলো এবং তাদের মধ্যে যে ব্যক্তি পরে মারা গিয়েছিল তাকে জান্নাতে প্রবেশের অনুমতি দিলো। সে পুনরায় বের হয়ে এসে শহীদ ব্যক্তিকে জান্নাতে প্রবেশের অনুমতি দিলো। পরে সে আমার নিকট ফিরে এসে বললো, তুমি চলে যাও। কেননা তোমার (জান্নাতে প্রবেশের) সময় এখনও হয়নি, তোমার পালা পরে।

সকাল বেলা তালহা (রাঃ) উক্ত ঘটনা লোকেদের নিকট বর্ণনা করলেন। তারা এতে বিশ্ময়াভিভূত হলো। বিষয়টি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম -এর কানে গেলো এবং তারাও তাঁর কাছে ঘটনা বর্ণনা করলো। তিনি বলেনঃ কী কারণে তোমরা বিশ্মিত হলে? তারা বললো, ইয়া রাসূলাল্লাহ! এই ব্যক্তি তাদের দু'জনের মধ্যে অধিকতর শক্তিধর মুজাহিদ। তাকে শহীদ করা হয়েছে। অথচ অপর লোকটি তার আগেই জান্নাতে প্রবেশ করলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ অপর লোকটি কি তার পরে এক বছর জীবিত থাকেনি? তারা বললো, হাঁ। তিনি বলেনঃ সে একটি রমযান মাস পেয়েছে, রোযা রেখেছে এবং এক বছর যাবত এই এই নামায কি পড়েনি? তারা বললো, হাঁ। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আসমান-জমীনের মধ্য যে ব্যবধান রয়েছে, তাদের দু'জনের মধ্যে রয়েছে তার চেয়ে অধিক ব্যবধান।

### **English**

It was narrated from Talhah bin 'Ubaidullah that two men from Bali came to the Messenger of Allah (ﷺ). They had become Muslim together, but one of them used to strive harder than the other. The one who used to strive harder went out to fight and was martyred. The other one stayed for a year longer, then he passed away. Talhah said:

"I saw in a dream that I was at the gate of Paradise and I saw them (those two men). Someone came out of Paradise and admitted the one who had died last, then he came out and admitted the one who had been martyred. Then he came back to me and said: 'Go back, for your time has not yet come.'" The next morning, Talhah told the people of that and they were amazed. News of that reached the Messenger of Allah () and they told him the story. He said: "Why are you so amazed at that?" They said: "O Messenger of Allah, the first one was the one who strove harder, then he was martyred, but the other one was admitted to Paradise before him. The Messenger of Allah () said: "Did he not stay behind for a year?" They said: "Yes." He said: "And did not Ramadan come and he fasted, and he offered such and such prayers during that year?" They said: "Yes." The Messenger of Allah () said: "The difference between them is greater than the difference between heaven and earth."

ফুটনোট



আহমাদ ১৪০৪, ৮১৯৫, আত-তালীকুর রাগীব ১/১৪২, ১৪৩। তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন